# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali TextBulletin

**31-03-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবর –

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গুজরাটের গান্ধীনগরের কোবায়, "সম্রাট সম্প্রতি" জাদুঘরের উদ্বোধন করে বলেছেন, এই জাদুঘর দেশের সাংস্কৃতিক ঐতিহ্যের সাক্ষ্য বহন করে।

#তিনি রাজ্যের ১৯ হাজার ৮-শো কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

২/ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, বিশ্বের এই কঠিন পরিস্থিতিতে শিক্ষার অগ্রণী ভূমিকা রয়েছে।

#তিনি আজ বিহারের রাজগিরে নালন্দা বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেন।

৩/ দেশে জনগণনা ২০২৭ আগামীকাল শুরু হচ্ছে। জনগণনার প্রথম পর্বের জন্য ৩৩ টি প্রশ্নের তালিকা প্রকাশ।

৪/ কেন্দ্র, পঞ্চদশ অর্থ কমিশনের অনুদান হিসেবে আটটি রাজ্যকে ২ হাজার ৪৬১ কোটি টাকারও বেশি অর্থ প্রদান করেছে।

৫/ দেশজুড়ে আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে মহাবীর জয়ন্তী পালিত হচ্ছে।

৬/ আইপিএল ক্রিকেটে, পাঞ্জাবের যাদবেন্দ্র সিং ক্রিকেট স্টেডিয়ামে আজ পাঞ্জাব কিংস, গুজরাত টাইটান্সের বিরুদ্ধে খেলবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গুজরাটে একদিনের সফরে গান্ধীনগরের কোবায়, "সম্রাট সম্প্রতি" জাদুঘরের উদ্বোধন করেছেন। এই জাদুঘরে জৈন ধর্মের ইতিহাস এবং মৌর্য শাসক সম্রাট সম্প্রতির জীবন, তাঁর শাসনকালের নানা খতিয়ান ও অহিংসার বার্তা রক্ষিত হয়েছে। দেশের সমৃদ্ধ সাংস্কৃতিক ও আধ্যাত্মিক ঐতিহ্যকে একটি নতুন পরিচয় দেওয়ার ক্ষেত্রে এই উদ্যোগকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে মনে করা হচ্ছে। এই উপলক্ষ্যে এক ভাষণে প্রধানমন্ত্রী বলেন, এই জাদুঘর দেশের বহু বছরের সাংস্কৃতিক ঐতিহ্যের সাক্ষ্য বহন করে।

বাইট – প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী এরপর সানন্দে কেইনেস সেমিকন্ডাক্টর ওস্যাট প্ল্যান্টের উদ্বোধন করবেন এবং নবগঠিত ভাব-থারাড় জেলায় ১৯ হাজার ৮০০ কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এক জনসভায় ভাষণ দেওয়ারও কর্মসূচি রয়েছে প্রধানমন্ত্রীর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বিহার ও কর্ণাটক সফর শুরু করেছেন। সফরের প্রথম পর্যায়ে তিনি আজ বিহারের রাজগীরে নালন্দা বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে যোগ দিয়ে বলেছেন, বিশ্বের এই কঠিন পরিস্থিতিতে শিক্ষার অগ্রণী ভূমিকা রয়েছে। নালন্দা বিশ্ববিদ্যালয়ের এ-বিষয়ে সদর্থক গুরুত্ব রয়েছে।

বাইট – রাষ্ট্রপতি

রাজ্যপাল লেফটেন্যান্ট জেনারেল সৈয়দ আতা হাসনাইন, মুখ্যমন্ত্রী নীতিশ কুমার এবং বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর এই অনুষ্ঠানে যোগ দিয়েছেন। রাষ্ট্রপতি, এই অনুষ্ঠানে ৩৬ জন কৃতি শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করবেন। ১০ জন গবেষকের হাতে তুলে দেবেন পি এইচ ডি ডিগ্রি। শ্রীমতী মুর্মু বিশ্বমিত্রালয় অডিটোরিয়ামেরও উদ্বোধন করবেন।

রাষ্ট্রপতি আগামীকাল কর্ণাটকের তুমাকুরুর শ্রী সিদ্ধগঙ্গা মঠে ডক্টর শ্রী শ্রী শিবকুমার মহাস্বামীজীর ১১৯ তম জন্মদিন এবং গুরু বন্দনায় অংশ নেবেন।

ooooooooooooooooooooooooooooooo

বিহারের নালন্দা জেলার বিহার শরিফে পদপিষ্ট হয়ে অন্তত আটজন মহিলা ভক্তের মৃত্যু হয়েছে। ঘটনায় বেশ কয়েকজন আহত। তাদের দ্রুত স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, মাঘরা শীতলাষ্টমী মন্দিরে ধর্মীয় আচার-অনুষ্ঠান চলাকালীন অনুষ্ঠানের মধ্যে হঠাৎ একটা গুজব ছড়িয়ে পড়লে, সেই আতঙ্কেই ভিড়ের মধ্যে হুড়োহুড়ি শুরু হয় এবং পরিস্থিতি দ্রুত নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। এর জেরেই পদপিষ্টের ঘটনা ঘটে বলে প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে। মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই দুর্ঘটনায় শোক প্রকাশ করেছেন। প্রধানমন্ত্রী জাতীয় ত্রাণ তহবিল থেকে নিহতদের পরিবার পিছু দু-লক্ষ টাকা ও আহতদের পঞ্চাশ হাজার টাকা অর্থ সহায়তার কথা জানিয়েছেন তিনি।

ঘটনায় শোকপ্রকাশ করেছেন বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার এবং উপ-মুখ্যমন্ত্রী সম্রাট চৌধরী। উপ-মুখ্যমন্ত্রী জানিয়েছেন, ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে সব ধরনের সাহায্যের প্রতিশ্রুতি দিয়েছেন। মুখ্যমন্ত্রী নিহতদের পরিবার পিছু ৬ লক্ষ টাকার অনুদানের কথা জানিয়েছেন। পাশাপাশি আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন।

oooooooooooooooooooooooooooooooo

দেশে জনগণনা ২০২৭ আগামীকাল শুরু হচ্ছে। কেন্দ্রীয় সরকার ২০২৭ সালের জনগণনার প্রথম পর্বের জন্য ৩৩টি প্রশ্নের একটি তালিকা প্রকাশ করেছে। নতুন দিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে ভারতের রেজিস্ট্রার জেনারেল এবং জনগণনা কমিশনার মৃত্যুঞ্জয় কুমার নারায়ণ জানান, জনগণনা দুটি পর্বে পরিচালিত হবে। শ্রী নারায়ণ বলেন, রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলির চূড়ান্ত করা সময়সূচী অনুযায়ী প্রথম পর্বটি আগামিকাল থেকে ত্রিশে সেপ্টেম্বরের মধ্যে পরিচালিত হবে।

আগামিকাল থেকে ৩১শে আগস্টের মধ্যে ১৫ দিনব্যাপী চলবে সেলফ এন্যুমারেশন বা নিজের সম্পর্কে তথ্য জানানোর প্রক্রিয়া। প্রতিটি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে সেলফ এন্যুমারেশন সম্পন্ন করার পর, ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত ৩০ দিনব্যাপী বাড়ির তালিকা তৈরির কর্মসূচী পরিচালিত হবে। সেলফ এন্যুমারেশন পোর্টালের নির্দেশিকা ১৬টি ভাষায় লেখা থাকবে। জনগণনার দ্বিতীয় পর্বে জাতিগত গণনা করা হবে বলে শ্রী নারায়ণ উল্লেখ করেন।

ooooooooooooooooooooooooooooooooooooo

আসাম, কেরল ও পুদুচেরিতে বিধানসভা নির্বাচনের আগে ৮৫ বছরের বেশি বয়সী ও প্রতিবন্ধী নাগরিকদের বাড়ি গিয়ে ভোটগ্রহণ প্রক্রিয়া আজ শুরু হয়েছে। আসামে ৮৫ বছরের বেশি বয়সী ভোটারের সংখ্যা ১৯ হাজার ৭ শো ৭৪ জন এবং প্রতিবন্ধী ভোটারের সংখ্যা ৬ হাজার ৬ শো ৩৮ জন। বাড়ি বাড়ি গিয়ে এই ভোট গ্রহণ চলবে ৫ ই এপ্রিল পর্যন্ত। এই তিন রাজ্যেই ভোট গ্রহণ ৯ ই এপ্রিল। ভোট গণনা চৌঠা মে।

ত্রিপুরাতেও আসন্ন ধর্মনগর বিধানসভা উপনির্বাচনের আগে এই প্রক্রিয়া শুরু হয়েছে। মহকুমা ম্যাজিস্ট্রেট ও রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী জানিয়েছেন, ঘরে

ঘরে ভোটগ্রহণ প্রক্রিয়া আজ থেকে দোসরা এপ্রিল পর্যন্ত চলবে। নির্বাচনী প্রক্রিয়ায় স্বচ্ছতা নিশ্চিত করতে, ভোটগ্রহণ চলাকালীন প্রতিটি ভোটগ্রহণ দলের সঙ্গে রাজনৈতিক দলগুলোর প্রতিনিধিরা থাকবেন। এই দলগুলো নির্বাচনী এলাকা জুড়ে ১১৬ জন বয়স্ক ভোটার এবং ৬৯ জন প্রতিবন্ধী ভোটারের বাড়ি যাবে। উল্লেখ্য, উপনির্বাচনে ভোটগ্রহণ হবে ৯ এপ্রিল। গণনা চৌঠা মে।

oooooooooooooooooooooooooooooo

কেন্দ্র, পঞ্চদশ অর্থ কমিশনের অনুদান হিসেবে আটটি রাজ্যকে ২ হাজার ৪৬১ কোটি টাকারও বেশি অর্থ প্রদান করেছে। স্থানীয় ও গ্রাম স্তরে প্রশাসনিক সংগঠনগুলির উন্নতিকল্পে এই অনুদান মঞ্জুর করা হয়েছে। পঞ্চায়েতি রাজ মন্ত্রক জানিয়েছে, মধ্যপ্রদেশকে ৯৪৫ কোটি টাকারও বেশি অর্থ দেওয়া হচ্ছে। গুজরাটকে দেওয়া হয়েছে ৭৬৪ কোটি টাকারও বেশি অর্থ। ছত্তিশগড়কে দেওয়া অর্থের পরিমাণ প্রায় ৩৮৭ কোটি টাকা। পাঞ্জাবকে ৩৩২ কোটি টাকারও বেশি, ওড়িশাকে ৩৫ কোটি টাকারও বেশি, হিমাচল প্রদেশকে প্রায় ১৪ কোটি, সিকিমকে ১০ কোটি টাকারও বেশি এবং ত্রিপুরাকে ৬৮ লক্ষ টাকারও বেশী অর্থ প্রদান করা হয়েছে।

oooooooooooooooooooooooooooooo

বিদেশসচিব বিক্রম মিশ্রি গতকাল নতুন দিল্লিতে রাশিয়ার উপ-বিদেশমন্ত্রী আন্দ্রেই রুদেঙ্কোর সঙ্গে বিদেশ দপ্তরের আলোচনাসভায় দু'দেশের দ্বিপাক্ষিক সম্পর্কের বিস্তৃত দিক পর্যালোচনা করেন এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয় নিয়ে মতবিনিময় করেন। গত বছরের ডিসেম্বরে নতুন দিল্লিতে অনুষ্ঠিত ২৩তম বার্ষিক শিখর সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতিও খতিয়ে দেখেছেন তাঁরা।

রুশ উপ-বিদেশমন্ত্রী রুডেঙ্কো গতকাল বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্করের সঙ্গেও সাক্ষাৎ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশজুড়ে আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে মহাবীর জয়ন্তী পালিত হচ্ছে। শেষ জৈন তীর্থঙ্কর ভগবান মহাবীরের জন্মজয়ন্তীতে জৈন মন্দিরগুলি আলোকমালায় সাজিয়ে তোলা হয়েছে। জৈন সম্প্রদায়ের অন্যতম গুরুত্বপূর্ণ এই উৎসবে বিশেষ প্রার্থনা, প্রসাদ বিতরণ এবং শোভাযাত্রার আয়োজন করা হয়ে থাকে। মহাবীরের অহিংসা, সত্য এবং ত্যাগের বাণী প্রচারের মধ্য দিয়ে উদযাপিত হয় এই উৎসব।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা মহাবীর জয়ন্তী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়ে মহাবীরের আদর্শ অনুসরণের জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সুরিনামের প্রাক্তন রাষ্ট্রপতি চন্দ্রিকাপ্রসাদ সন্তোখীর আকস্মিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবার এবং সুরিনামের জনগণের প্রতি সমবেদনাও জ্ঞাপন করেছেন। সমাজমাধ্যমে এক বার্তায়, চন্দ্রিকাপ্রসাদ সন্তোখীর সঙ্গে তাঁর সাক্ষাতের কথা স্মরণ করে শ্রী মোদী বলেন, সুরিনামের উন্নতির জন্য তাঁর অক্লান্ত প্রচেষ্টা এবং ভারত-সুরিনাম দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার করার প্রয়াসের কথা উঠে এসেছিল তাঁদের আলাপচারিতায়। সুরিনামের প্রাক্তন রাষ্ট্রপতির ভারতীয় সংস্কৃতির প্রতি বিশেষ অনুরাগ ছিল এবং তাঁর সংস্কৃতে শপথ গ্রহণ বহু মানুষের মন জয় করেছিল বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

oooooooooooooooooooooooooo

চলতি বছরের শুরু থেকে ভিয়েতনামের রাজধানী হ্যানোয়ে মোট ২৯ জন COVID-19 আক্রান্তের সন্ধান মিলেছে। হ্যানয় রোগ নিয়ন্ত্রণ কেন্দ্র জানিয়েছে, ২০ থেকে ২৭ মার্চের মধ্যে শহরের ১২টি কমিউন ও ওয়ার্ডে ১৭ জন নতুন ক'রে সংক্রমিত হয়েছেন। আগের সপ্তাহে মাত্র তিনজন সংক্রমিত হয়েছিলেন।

এই পরিস্থিতির মধ্যে বিশ্ব স্বাস্থ্য সংস্থা – WHO, বর্তমানে BA.3.2 ভ্যারিয়েন্টটির উপর বিশেষ নজর রাখছে। ভিয়েতনামের স্বাস্থ্য দফতর নাগরিকদের আতঙ্কিত না হয়ে সতর্ক থাকার পরামর্শ দিয়েছে।

oooooooooooooooooooooooooooooo

দুবাইয়ের সমুদ্র উপকূলের কাছে কুয়েতের পতাকাবাহী একটি বিশাল তেল ট্যাঙ্কার ইরানের ড্রোন হামলায় ক্ষতিগ্রস্ত হয়েছে। এর ফলে, ওই অঞ্চলে নতুন করে সংঘাতের আবহ তৈরি হচ্ছে। বিশ্বব্যাপী জ্বালানি সরবরাহে বিঘ্ন ঘটারও আশঙ্কা। আল-সালমি নামের ওই ট্যাঙ্কারটিতে প্রায় কুড়ি লক্ষ ব্যারেল অপরিশোধিত তেল ছিল বলে জানা যাচ্ছে। তবে, ২৪ জন নাবিকই নিরাপদে আছেন বলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানিয়েছে।

ট্যাঙ্কারটির মালিকানাধীন সংস্থা কুয়েত পেট্রোলিয়াম কর্পোরেশন সতর্ক করে বলেছে, এই ঘটনার জেরে সমুদ্রে বিপুল পরিমাণ তেল ছড়িয়ে পড়ার আশঙ্কা রয়েছে।

oooooooooooooooooooooooooooooo

জ্বালানির আকাশছোঁয়া দামের মধ্যে নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্সন তাঁর সরকারের নির্দিষ্ট লক্ষ্যভিত্তিক জীবনযাত্রার ব্যয় সহায়তা কর্মসূচির পক্ষে সওয়াল করেছেন। সমাজমাধ্যমে এক বার্তায় তিনি বলেন, পশ্চিম এশিয়ার সংঘাতের প্রভাবে

বিশ্ব বাজারে জ্বালানির দাম বাড়াচ্ছে, যা বিভিন্ন পরিবার ও ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোর ওপরে প্রভাব ফেলছে।

এদিকে, দেশের জনগণের স্বার্থে নিউজিল্যান্ড সরকার 'ইন-ওয়ার্ক ট্যাক্স ক্রেডিট' প্রকল্পের আওতায় নাগরিকদের প্রদেয় অর্থের পরিমাণ বৃদ্ধি করেছে। এর ফলে আগামী মাস থেকে প্রায় ১ লক্ষ ৪৩ হাজার নিম্ন ও মাঝারি আয়ের পরিবারগুলি প্রতি সপ্তাহে অতিরিক্ত ৫০ ডলার অর্থ সহায়তা পাবে। জ্বালানির দাম না কমা পর্যন্ত চলবে।

oooooooooooooooooooooooooooooooooooo

আইপিএল ক্রিকেটে, পাঞ্জাবের যাদবেন্দ্র সিং ক্রিকেট স্টেডিয়ামে আজ পাঞ্জাব কিংস, গুজরাত টাইটান্সের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে সাতটায়।

ooooooooooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooooooooooo